

bee†l©i i†f”Qv



## চেক-আপ

-রণদীপম বসু

মাথাটা সুস্থ কি ? নিশ্চিত ভাবনায় -  
বৈশাখে চলো যাই ঘুরে আসি পাবনায় ।  
বিল ঝিল মাছ দই মন্ডাটা নামী তার  
যতো পারো ডুবে খাও  
নিয়ে যাবে ? হবে তাও  
সাথে শুধু নিতে হবে ইয়া এক দামী 'কার' ।

তবে ভাই যাই বলো, কেন নাম ডাক তার  
জানো কি ?  
আছে নাকি ওখানেই বড় বড় ডাক্তার ।  
তাও এরা যে-সে নয়,  
মুখ দেখে চিনে লয়  
ক'টা তার ছিঁড়ে গেছে, ক'টা ঠিকঠাক তার  
অতএব;  
রোগীটার দরকার কতটুকু ধাক্কার ।

পথে ঘাটে হাঁটি কতো আদমের চেহারায়  
কে-যে কোন্ ধান্দায়! কে হারে, কে হারায়  
জানো কি ?  
যাকে জানো সুস্থ  
ভেতরে কী পোষতো  
জানো কি ?  
মাথাটার হাড়িটায় টোকা দিয়ে দেখো না!  
জোড়াজোড়া আছে ঠিক ? সন্দেহ রেখো না ।

তার চেয়ে চলো যাই ঘুরে আসি পাবনা  
যার যতো ব্যাক-আপ  
করে আসি চেক-আপ  
বহরটা ভালো যাক্ তা কি কেউ চাব না ?